

শ্রীশ্রীহরি সঙ্গীত

- ৪। নামে প্রেম সুধা ক্ষরে, জপরে অধরে জ্বারিবে লোমে লোমে।
এ নাম অতি সুমধুর, মধুর মধুর, অপার মহিমে।।
- ৫। এ যে দয়াল অবতার, হরিচাঁদ আমার প্রেম বিলায় অধমে।
মুঢ় অশ্বিনী যে কয়, দেখা দাও আমায়, রায়কে লয়ে বামে।।

৯৫ নং তাল-ঠুংরী

- হারে ও তমঃ দূর হলো, হরিচাঁদের আগমনে।
যত ভকত চকোর, প্রেমেতে বিভোর, মত্ত সুধা পানে।।
- ১। এ চাঁদ অতি সুনির্মল, বড় সুশীতল, হেরিলে নয়নে।
করে প্রেমে মাতোয়ারা, দু'নয়নে ধারা, বহে রাত্রি দিনে।।
- ২। এ চাঁদ করলে দরশন, কিংবা পরশন, যে করে যখনে।
ও তার কুলমান রাশি, অমনি পড়ে খসি, দাসী হয় চরণে।।
- ৩। এ চাঁদ গোলোকেতে ছিল, ভুলোকেতে এলো, পুলকিত মনে।
ও চাঁদ কাউরে নহে বাম, সবার মনস্কাষ, পুরায় নিজ গুণে।।
- ৪। এ চাঁদ হইয়ে সদয়, ভুতলে উদয়, যশোমস্তের ভবনে।
এ চাঁদ অনাদির আদি, গেলে ওড়াকান্দি দেখবি বর্তমানে।।
- ৫। দয়াল মহানন্দ কয়, হরিচাঁদ উদয় জীবের ভাগ্য গুণে।
যাবে তমঃ সন্দ তোর, অশ্বিনী বর্বর, হরিচাঁদের কিরণে।।

৯৬ নং তাল-ঠুংরী

- বাঁকা সখা হরি হে, দেখা দিয়ে প্রাণ রাখ।
আমি জঙ্গলে জঙ্গলে ফিরি, কাঙ্গাল পানে চেয়ে দেখ।।
- ১। না দেখিলে প্রাণে মরি, বিচ্ছেদ জ্বালা সহিতে নারি।
তবে জ্বালা সহিতে পারি, তুমি যদি সুখে থাক।।
- ২। তুমি আমার গুণ মণি, মন ভুলানো তনু খানি।
তাইতে ও রূপ দিন রজনী, দেখতে চায় মোর মন চাতক।।